



স্মারক নং-রেজিঃ/শিক্ষা-৫/৫৫২৬৫-৩১৫

তারিখঃ ৫/৬/১৪৩২ বঙ্গাব্দ
১২/৫/২০২৫ খ্রিঃ

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ২। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৩। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- ৪। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ঢাকা বিশ্ববিদ্যালয়।

বিষয়ঃ- Mitsubishi UFJ Foundation (Scholarship Program FY 2025) কর্তৃক বৃত্তি প্রদানের জন্য আপনার বিভাগ/ইনস্টিটিউটে অধ্যয়নরত স্নাতক (সম্মান) শ্রেণীর ১ম বর্ষ হতে ১জন এবং ২য় থেকে ৪র্থ বর্ষ পর্যন্ত ১জনসহ মোট ২ জন শিক্ষার্থীকে মনোনীত করে তথ্য প্রেরণ প্রসঙ্গে।

মহোদয়,

আদিষ্ট হয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, Mitsubishi UFJ Foundation (Scholarship Program FY 2025) কর্তৃক ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্নাতক (সম্মান) শ্রেণীতে অধ্যয়নরত ১ম বর্ষ হতে ১২জন এবং ২য় থেকে ৪র্থ বর্ষ পর্যন্ত ১২জনসহ মোট ২৪ জন মেধাবী কিন্তু আর্থিকভাবে অসচ্ছল শিক্ষার্থীকে জন প্রতি ৪৫০ ডলার করে সর্বমোট ১০,৮০০ ডলার বৃত্তি প্রদান করবেন। আপনার বিভাগ/ইনস্টিটিউটে স্নাতক (সম্মান) শ্রেণীতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে হতে ১ম বর্ষ হতে ১জন এবং ২য় থেকে ৪র্থ বর্ষ পর্যন্ত ১জনসহ মোট ২(দুই)জন মেধাবী কিন্তু আর্থিক ভাবে অসচ্ছল শিক্ষার্থীকে মনোনীত করে আগামী ১৫/০৭/২০২৫ তারিখের মধ্যে মনোনীত শিক্ষার্থীর মনোনয়নপত্র এবং নিম্নে উল্লেখিত প্রয়োজনীয় কাগজপত্রসহ রেজিস্ট্রারের অফিস শিক্ষা-৫ শাখার (কক্ষ নং: ২১২) ডেপুটি রেজিস্ট্রার-এর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে (১ম বর্ষ এবং ২য় হতে ৪র্থ বর্ষের শিক্ষার্থীর মনোনয়ন দুইটি আলাদা চিঠিতে প্রেরণ করতে হবে)।

সংযুক্তি:

- ১। শিক্ষার্থীর মনোনয়নপত্রে শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, ক্লাস রোল, সিজিপিএ/গ্রেড, মোবাইল নম্বর ও শিক্ষার্থীর ই-মেইল ঠিকানা অবশ্যই উল্লেখ করতে হবে।
- ২। শিক্ষার্থীর বিশ্ববিদ্যালয়ের আইডি কার্ডের সত্যায়িত কপি।
- ৩। National Id Card/ Birth Certificate-এর সত্যায়িত কপি।
- ৪। স্নাতক (সম্মান) শ্রেণীর ১ম বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীর ক্ষেত্রে এস.এস.সি (S.S.C) এবং এইচ.এস.সি (H.S.C) পরীক্ষার নম্বর পত্রের সত্যায়িত কপি।
- ৫। স্নাতক (সম্মান) শ্রেণীর ২য় বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীর ক্ষেত্রে ১ম বর্ষের নম্বরপত্র, ৩য় বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীর ক্ষেত্রে ২য় বর্ষের নম্বরপত্র এবং ৪র্থ বর্ষে অধ্যয়নরত শিক্ষার্থীর ক্ষেত্রে ৩য় বর্ষের নম্বরপত্রের সত্যায়িত কপি।

বিঃদ্রঃ আগামী ১৫/০৭/২০২৫ তারিখের মধ্যে মনোনীত শিক্ষার্থীর প্রয়োজনীয় কাগজপত্রসহ রেজিস্ট্রারের অফিস শিক্ষা-৫ শাখায় (কক্ষ নং: ২১২) অবশ্যই পাঠাতে হবে। অন্যথায় বৃত্তির জন্য বিবেচনা করা হবে না।

➤ উক্ত বৃত্তি সংক্রান্ত যে কোন তথ্যের জন্য: ০৯৬৬৬৯১১৪৬৩-৪০৫৯

ডায়েরী নম্বর ১০২৫/১০৭/২০২৫ তারিখের মধ্যে
স্বাক্ষর করে দেওয়া হবে।

Prof. Sayema Shorani

(শিউলি আফছার) ১১/০৭/২০২৫

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
রেজিস্ট্রারের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়।